MCQ **গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স** MCQ

## Answer with Explanation

1. (b) সম্প্রতি মহিলা অধ্যাপিকা অদিতি সেন দে ২০২৩ সালের ‘জি ডি বিড়লা অ্যাওয়ার্ড ফর সায়েন্টিফিক রিসার্চ’ সম্মানে ভূষিত হলেন। পদার্থবিদ্যায় অসামান্য অবদানের জন্য তিনি এই সম্মানে ভূষিত হয়েছেন। এবছরে অদিতি সেন দে’র সঙ্গে এই পুরস্কারে ভূষিত হয়েছেন ঘনশ্যাম দাস।

2. (d) সম্প্রতি ইরানের তেহেরানে অনুষ্ঠিত ২০২৪ সালের এশিয়ান ইন্ডোর অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতায় ভারত সোনা-৩, রূপো-১টি সহ মোট ৪টি মেডেল জয়লাভ করে মেডেল তালিকায় পঞ্চম স্থানে রয়েছে। এই খেলার মেডেল তালিকায় চীন প্রথম স্থানে, জাপান দ্বিতীয় স্থানে এবং কাজাকস্তান তৃতীয় স্থানে রয়েছে। অ্যাচিভার্স

3. (a) খ্যাতনামা ক্রিকেটার শুভমন গিল আসন্ন লোকসভা নির্বাচনের পাঞ্জাব রাজ্যের স্টেট আইকন হিসাবে নির্বাচিত হয়েছেন।

4. (d) ভারত সম্প্রতি IBSA (India, Brazil and South Africa Facility for Poverty and Hunger Alleviation) Fund- এ ১ মিলিয়ন মার্কিন ডলার অর্থ প্রদান করেছে। ২০০৪ সালে IBSA Fund গঠিত হয়েছিল।

5. (a) ১৯-২৭ ফেব্রুয়ারি অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে 'MILAN24' নামক যৌথ নৌ মহড়া অনুষ্ঠিত হয়েছিল।

6. (d) সম্প্রতি ওডিশার সম্বলপুরে ভারতের প্রথম ‘স্কিল ইন্ডিয়া সেন্টার’ গড়ে উঠতে চলেছে। অ্যাচিভার্স

7. (b) ২১ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হল, যার এবছরের থিম হল-'Multilingual education is a pillar of intergenerational learning'.

8. (a) সম্প্রতি প্রকাশিত ২০২৪ সালের ‘হেনলি পাসপোর্ট ইনডেক্স’ অনুযায়ী ভারত ৮৫তম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে ফ্রান্স, জার্মানি, ইটালি, স্পেন, জাপান, সিঙ্গাপুর এই ছয়টি দেশ।

9. (c) সম্প্রতি অ্যাসার্ট সিকিওর টেক প্রাঃ লিঃ নামক কোম্পানি বিশ্বের প্রথম 'Pratham' নামক ‘ইউজার ফ্রেন্ডলি ভিডিও অ্যানালিটিক্স প্লাটফর্ম’ তৈরি করেছে। অ্যাচিভার্স

10. (d) সম্প্রতি জার্মানিতে অনুষ্ঠিত ২০২৪ সালের G.O.A.T Challenge দাবা প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নরওয়ের দাবাড়ু ম্যাগনাস কার্লসেন।

11. (a) সম্প্রতি মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিঃ নামক আর্থিক সংস্থা আইবিএমের সঙ্গে যৌথ সহযোগিতায় 24×7 Super' নামক অ্যাপ তৈরি করেছে।

12. (c) সম্প্রতি মাল্টা দেশ ‘ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্সে’র ১১৯তম সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হল। ২০১৫ সালে ‘ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স’ গঠিত হয়েছিল।

13. (b) পি এস দোজোহাদিকুসুমো সম্প্রতি ইন্দোনেশিয়া’র প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জোকো উইদোদো’র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

14. (d) সম্প্রতি কে ভি এস মনিয়ান কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্কের জয়েন্ট ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই ব্যাঙ্কের পরিচালন বোর্ডের পূর্ণ সময়ের ডিরেক্টর হিসাবে নিযুক্ত ছিলেন।

15. (a) সম্প্রতি প্রকাশিত 'Neeraj Chopra: The Man Who Made History' নামক গ্রন্থের রচয়িতা হলেন বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক নোরিস প্রীতম।

16. (c) ২২ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড থিঙ্কিং ডে’ পালিত হল, যার এবছরের থিম হল---'Our World, Our Thriving Future: The Environment and Global Poverty'. অ্যাচিভার্স

17. (d) ২২-২৫ ফেব্রুয়ারি ভারত, শ্রীলঙ্কা এবং মালদ্বীপের উপকূল রক্ষী বাহিনী/নৌ বাহিনীর মধ্যে যৌথ নৌমহড়া-'Dosti-16' আয়োজিত হয়ে গেল।

18. (a) মিন্দা কর্পোরেশন লিমিটেড সম্প্রতি প্রাইকল লিমিটেডের ৮.৭৯% শেয়ার অধিগ্রহণ করার জন্য সিসিআইয়ের অনুমোদন লাভ করেছে।

19. (c) ২৪ ফেব্রুয়ারি সেন্ট্রাল এক্সাইজ ডে পালিত হল। ১৯৪৪ সালের ২৪ ফেব্রুয়ারি ‘সেন্ট্রাল এক্সাইজ অ্যান্ড সল্ট অ্যাক্ট’ চালু হওয়ার স্মরণে এই দিনটি পালিত হয়ে থাকে।

20. (a) ২৫ ফেব্রুয়ারি থেকে ৯ মার্চ রাজস্থানে ভারত ও জাপানের সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক মহড়া 'Dharma Guardian' আয়োজিত হয়ে গেল। অ্যাচিভার্স

21. (b) ফেলেটি পেনিটালা তেও তুভালু’র প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী কাউসিয়া নাতানো’র স্থলাভিষিক্ত হয়েছেন।

22. (d) সম্প্রতি সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনের ভিজিল্যান্স কমিশনার হিসাবে নিযুক্ত হলেন এ এস রাজীব।

23. (c) সম্প্রতি বিবিসি’র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন সমীর শাহ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডেম এলেন ক্রুস স্টিফেন্সে’র স্থলাভিষিক্ত হলেন।

24. (b) সম্প্রতি অনুষ্ঠিত বিডব্লিউএফ প্যারা ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে ভারত ১৮টি মেডেল (সোনা-৩, রূপো-৪ এবং ব্রোঞ্জ-১১) জয়লাভ করেছেন।

25. (c) সম্প্রতি আইআইএম শিলং ভারতের প্রথম 'গতিশক্তি রিসার্চ চেয়ার' গড়ে তুলতে কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ পরিবহণ মন্ত্রকের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

26. (b) সম্প্রতি আকাশা এয়ার এয়ারলাইন্স ভারতের 'ইন্ডিয়ান ক্যারিয়ার' তকমা লাভ করেছে। এটি এসএমভি অ্যাভিয়েশন প্রাইভেট লিমিটেড হিসাবেও পরিচিত।

27. (c) বিজয় শেখর শর্মা পেটিএম পেমেন্টস ব্যাঙ্কের আংশিক সময়ের নন এগজিকিউটিভ চেয়ারম্যান পদ থেকে ইস্তফা দিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, পেটিএম পেমেন্টস ব্যাঙ্কের বর্তমান সিএমডি হিসাবে নিযুক্ত আছেন শ্রীনিবাসন শ্রীধর।

28. (b) সম্প্রতি ইরাকের বাগদাদে অনুষ্ঠিত ২০২৪ সালের আর্চারি এশিয়া কাপ প্রতিযোগিতায় স্টেজ-১ এ ভারত মোট ১৪টি মেডেল (সোনা-৯, রূপো-৪, ব্রোঞ্জ-১) জয়লাভ করেছে।

29. (d) সম্প্রতি মাগহি ভাষায় লেখা 'Fool of Bahadur' গ্রন্থটি ইংরেজিতে অনুবাদ করেছেন অভয় কে। মূল গ্রন্থটি মাগহি ভাষায় লিখেছেন জম্মু-কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিনহা এবং ভারতের রাষ্ট্রপতির প্রেস সচিব অজয় সিং।

30. (b) ২৭ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে 'ন্যাশনাল প্রোটিন ডে' পালিত হল। যার এবছরের থিম হল— 'Solve with Protein'.

31. (a) সম্প্রতি ভারতের প্রথম তথা দক্ষিণ এশিয়ার বৃহত্তম ইন্টিগ্রেটেড অ্যামিউনিশন ম্যানুফ্যাকচারিং কমপ্লেক্স গড়ে তুলল আদানি ডিফেন্স অ্যারোস্পেস। এটি উত্তরপ্রদেশের কানপুরে গড়ে তোলা হয়েছে। অ্যাচিভার্স

32. (b) অ্যামাজন পে ইন্ডিয়া প্রাঃ লিঃ সম্প্রতি আরবিআই-এর কাছ থেকে অনলাইন পেমেন্ট এগ্রিগেটর লাইসেন্স লাভ করেছে। অ্যামাজন পে হল একটি অনলাইন পেমেন্টস পরিষেবা প্রদানকারী সংস্থা। ২০০৭ সালে তারা এই পরিষেবা শুরু করেছিল।

33. (c) ইন্ডিয়ান আর্মি ২০২৪ সালের 'খেলো ইন্ডিয়া উইন্টার গেমস' -এ কোন রাজ্য/দল সর্বাধিক ২১টি মেডেল (সোনা- ১০, রূপো-৫ এবং ব্রোঞ্জ-৬) জয়লাভ করেছে। এই খেলায় কর্ণাটক দ্বিতীয় এবং মহারাষ্ট্র রয়েছে তৃতীয় স্থানে রয়েছে।

34. (b) ২৮ ফেব্রুয়ারি সারা দেশজুড়ে 'ন্যাশনাল সায়েন্স ডে' পালিত হল, যার এবছরের থিম হল-- 'Indigenous Technologies for Viksit Bharat'। অ্যাচিভার্স

35. (b) রেগুলেটরি বডি নার্বার্ড স্ব-সহায়ক দলকে সাহায্য করার জন্য 'DAY-NRLM'-এর সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। এই মউ স্বাক্ষর করার ফলে স্ব-সহায়ক দলের সদস্যদের তৈরি করা বিভিন্ন পণ্যের বিপণন ও আর্থিক সহায়তা প্রদানের জন্য চুক্তিবদ্ধ হয়েছে।

36. (a) এনটিপিসি গ্রিন এনার্জি লিমিটেড মহারাষ্ট্রে 'রিনিউয়েবল এনার্জি পার্ক' গড়ে তুলতে চলেছে। এই পার্কটিতে ২০৩২ সালের মধ্যে ৬০ গিগাওয়াট শক্তি উৎপাদন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

37. (b) Coal India Ltd. সম্প্রতি BHEL-এর সহায়তায় ওড়িশায় অ্যামোনিয়াম নাইট্রেট প্ল্যান্ট গড়ে তুলতে চলেছে। এই প্ল্যান্টটি বাৎসরিক ৬.৬০ লক্ষ টন অ্যামোনিয়াম নাইট্রেট উৎপাদন করতে সক্ষম। অ্যাচিভার্স

38. (b) সাধারণত প্রতি বছর ফেব্রুয়ারি মাসের শেষ দিন. 'রেয়ার ডিজিজ ডে' পালিত হয়ে থাকে। ২০২৪ সাল লিপইয়ার হওয়ায় এবছর ফেব্রুয়ারি মাসের শেষ দিন অর্থাৎ ২৯ ফেব্রুয়ারি এই দিনটি পালিত হল। এর এবছরের থিম হল— 'Share Your Colours'.

39. (b) সম্প্রতি প্রকাশিত 'International Intellectual Property Index'-এ ভারত ৪২তম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র।

40. (c) সম্প্রতি সুনীল ভারতী মিত্তল 'নাইট কমান্ডার অফ দ্য মোস্ট এক্সিলেন্ট অর্ডার অফ ব্রিটিশ এম্পায়ার' সম্মানে ভূষিত হলেন। ভারত এবং ব্রিটিশ যুক্তরাজ্যের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই সম্মানে ভূষিত করা হল। অ্যাচিভার্স

41. (a) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অজয় মানিকরাও খানউইলকরকে লোকপালের চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত করলেন। তিনি সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি।

42. (c) অজয় কানোয়াল সম্প্রতি জনা স্মল ফিন্যান্স ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে পুনর্নিযুক্ত হলেন। তিনি ২০১৮ সাল থেকে এই ব্যাঙ্কে কর্মরত আছেন।

43. (d) সম্প্রতি এম এস কামাথ ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস লিমিটেডের এমডি হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সঞ্জয় ভার্মার স্থলাভিষিক্ত হলেন।

44. (d) L&T সম্প্রতি গুজরাটে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে হাইড্রোজেন ইলেকট্রোলাইজার তৈরি করেছে। অ্যাচিভার্স

45. (d) সম্প্রতি জাতীয় মহিলা ফুটবল দল টার্কিস ওমেন্স কাপ ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে কসোভো। ফাইনালে তারা ভারতীয় মহিলা ফুটবল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

46. (a) ১ মার্চ সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড জিরো ডিসক্রিমিনেশন ডে' পালিত হল। যার এবছরের থিম হল–– 'To protect everyone's health, protect everyone's right'।

47. (c) সম্প্রতি World Bank, DPIIT-র যৌথ সহযোগিতায় নতুন দিল্লিতে National Workshop on Logistics Efficiency Enhancement-এর আয়োজন করল।

48. (c) সম্প্রতি এস রবীন্দ্রন তামিলনাড মার্কেন্টাইল ব্যাঙ্ক লিমিটেডের আংশিক সময়ের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই ব্যাঙ্কের স্বাধীন ডিরেক্টর হিসাবে নিযুক্ত ছিলেন। অ্যাচিভার্স

49. (d) সম্প্রতি প্রো-কবাডি লিগের সিজন-১০ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে 'পুনেরি পল্টন'। ফাইনালে তারা হরিয়ানা স্টিলার্সকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

50. (a) সম্প্রতি প্রয়াত বিশিষ্ট ভূতত্ত্ববিদ অরুণ কুমার শর্মা ২০১৭ সালে 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হয়েছেন।

51. (d) ১ মার্চ সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড সীগ্রাস ডে' পালিত হল। ২০২৩ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

52. (b) ২৮ ফেব্রুয়ারি-২ মার্চ অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে ভারত ও মালয়েশিয়ার মধ্যে যৌথ নৌমহড়া 'সমুদ্র লক্ষণ- ২০২৪' অনুষ্ঠিত হয়ে গেল। ভারতের হয়ে এই মহড়ায় অংশ নিয়েছিল 'আইএনএস কিলটন'। অ্যাচিভার্স

53. (c) সম্প্রতি 'মহারত্তা চেম্বার অফ কমার্স, ইন্ডাস্ট্রিজ অ্যান্ড এগ্রিকালচার' ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে যৌথ কর্মসূচীর জন্য মার্কিন কনস্যুলেটের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে।

54. (d) সম্প্রতি ইউনিয়ন অফ কমোরস এবং ডেমোক্রেটিক রিপাবলিক অফ টিমর লেস্টি 'ওয়ার্ল্ড ট্রেড অর্গনাইজেশন'-এর ১৬৬তম সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হল।

55. (d) জিন ড্যানিয়েলের লেখা ফরাসি উপন্যাস 'Le Divan De Staline'-এর বাংলায় অনুবাদের কৃতিত্ব স্বরূপ পঙ্কজ কুমার চ্যাটার্জি সম্প্রতি ২০২৪ সালের 'রোমা রোলাঁ বুক প্রাইজ'-এ ভূষিত হলেন।

56. (a) ৩ মার্চ সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ওয়াইল্ড লাইফ ডে' পালিত হল। যার এবছরের থিম হল— 'Connecting People and Planet : Exploring Digital Innovation in Wildlife Conservation'. অ্যাচিভার্স

57. (b) সম্প্রতি প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী ভারতে চিতার সংখ্যা ২০১৮ সালের তুলনায় ২০২২ সালে ৮% বৃদ্ধি পেয়েছে। ২০১৮ সালে ভারতে চিতার সংখ্যা ছিল ১২,৮৫২ এবং ২০২২ সালে তা থেকে বেড়ে হয়েছে ১৩,৮৭৪।

58. (d) সম্প্রতি রাজেন্দ্র প্রসাদ গোয়েল NHPC Limited-এর কার্যকরী সিএমডি হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজীব কুমার বিশ্নোই-এর স্থলাভিষিক্ত হলেন।

59. (d) সম্প্রতি প্রয়াত বিশিষ্ট প্রশাসক আজিজ কুরেশি উত্তরাখণ্ড, উত্তরপ্রদেশ ও মিজোরামের রাজ্যপাল হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। অ্যাচিভার্স

60. (b) ৪ মার্চ সারা দেশজুড়ে 'ন্যাশনাল সেফটি ডে' পালিত হল। যার এবছরের থিম হল- 'Focus on Safety Leadership for Environmental, Social and Governance Exceilence'.

61. (d) অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী প্রেমা খাণ্ডু সম্প্রতি সে রাজ্যের ২৬তম জেলার শুভ উদ্বোধন করেছেন, যার নাম হল 'কেইপানোর'। অ্যাচিভার্স

62. (d) সম্প্রতি কেন্দ্রীয় উপভোক্তা ও গণবণ্টন বিষয়ক মন্ত্রক e-Kisan Upaj Nidhi নামক অনলাইন ডিজিটাল প্লাটফর্ম চালু করেছে। এই প্লাটফর্মটি 'ওয়্যারহাউজিং ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেটরি অথরিটি'-র হয়ে পরিষেবা প্রদান করবে।

63. (b) ওয়ার্ল্ড ব্যাঙ্ক সম্প্রতি অসমের গ্রামোন্নয়ন প্রকল্পে যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণে ৪৫২ মিলিয়ন মার্কিন ডলার অর্থ প্রদান করেছে।

64. (a) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়াল মাধ্যমে মধ্যপ্রদেশের উজ্জয়িনীতে বিশ্বের প্রথম 'বিক্রমাদিত্য বেদিক ক্লকে'র উদ্বোধন করলেন।

65. (c) সম্প্রতি হরিয়ানায় ইস্পাত ক্ষেত্রে ভারতের প্রথম গ্রিন হাইড্রোজেন প্ল্যান্ট চালু হল। জিন্দাল স্টেইনলেস লিমিটেড এই প্ল্যান্টটি তৈরি করেছে। অ্যাচিভার্স

66. (a) সম্প্রতি পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক 'Easy My Trip'-এর যৌথ অংশীদারিত্বে কো-ব্র্যান্ডেড প্রিমিয়ার ট্রাভেল ক্রেডিট কার্ড চালু করেছে। এই কার্ড সারা বিশ্বে ১০০টি দেশে ব্যবহারযোগ্য হবে।

67. (b) সম্প্রতি 'লাইফটাইম জিরো ব্যালেন্স সেভিংস অ্যাকাউন্ট' চালু করেছে ব্যাঙ্ক অফ বরোদা। যার নাম দেওয়া হয়েছে 'bob LITE Savings Account'.

68. (a) সম্প্রতি বাহরিন গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন। অ্যাচিভার্স

69. (b) সার্ভাইকাল ক্যান্সার প্রতিরোধে বিল অ্যান্ড মেলিন্দা গেটস ফাউন্ডেশন সম্প্রতি ১৮০ মিলিয়ন মার্কিন ডলার এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক দিয়েছে ৪০০ মিলিয়ন মার্কিন ডলার।

70. (b) আরবিআই ভারত ও ইন্দোনেশিয়ার মধ্যে সাধারণ ও ব্যবসায়িক লেনদেনের ক্ষেত্রে উভয় দেশের মুদ্রা ব্যবহারের জন্য ব্যাঙ্ক অফ ইন্দোনেশিয়ার সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

71. (d) সম্প্রতি জাপানের বিশিষ্ট ভাস্কর্য শিল্পী রাইকেন ইয়ামামোতা ২০২৪ সালের প্রিৎজকার আর্কিটেকচার প্রাইজে ভূষিত হলেন। এই পুরস্কারের সম্মান স্বরূপ তিনি একটি ব্রোঞ্জ মেডেল এবং নগদ ১ লক্ষ মার্কিন ডলার অর্থ পেয়েছেন।

72. (b) সম্প্রতি অমিতাভ ঘোষ ২০২৪ সালের 'ইয়াসমাস প্রাইজ'-এ ভূষিত হলেন। তিনি একজন বিশিষ্ট ভারতীয় লেখক। তিনি ২০০৭ সালে সাহিত্য ও শিক্ষা ক্ষেত্রে 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

73. (d) সম্প্রতি অলোক রুংটা ফিউচার জেনারেলি ইন্ডিয়া লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বি ডি ব্রোজি'র স্থলাভিষিক্ত হলেন।

74. (c) সম্প্রতি কেরল রাজ্য সরকার ভারতের মধ্যে প্রথম ওটিটি প্লাটফর্ম ‘CSpace’ চালু করেছে। এই সংস্থাটিকে কেরল স্টেট ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন পরিচালনা ও নিয়ন্ত্রণ করবে।

75. (b) মার্চ ২০২৪ এর তথ্যানুযায়ী রেলওয়ে প্রোটেকশন ফোর্সে মোট ৯ শতাংশ মহিলা কর্মী রয়েছেন।

76. (d) সুইডেন সম্প্রতি ন্যাটোর ৩২তম সদস্য দেশ হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে।

77. (d) গুস্টাভো এ ও ওলায়া পেরুর প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আলবার্টো ওটারোলার স্থলাভিষিক্ত হলেন।

78. (b) সম্প্রতি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কর্তৃক রাজ্যসভার ১২তম মনোনীত সদস্যা হিসাবে নিযুক্ত হয়েছেন বিশিষ্ট সমাজসেবী ও লেখিকা সুধা মূর্তি। তিনি ২০০৬ সালে ‘পদ্মভূষণ’ সম্মানে ভূষিত হয়েছেন।

79. (b) সম্প্রতি আইআইএম সম্বলপুর ম্যানেজমেন্ট ইনস্টিটিউট ‘I-Hub Foundation’-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছে।

80. (d) PFRDA আর্থিক অন্তর্ভুক্তির জন্য ন্যাশনাল পেনশন সিস্টেম (NPS) ওয়েব অ্যাপ্লিকেশন চালু করেছে। Zerodha Broking Ltd. নামক সংস্থা এই NPS ওয়েব অ্যাপ্লিকেশন তৈরি করেছে।

81. (a) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আর্থিকভাবে পিছিয়ে পড়া মহিলাদের ক্ষমতায়নে সম্প্রতি ছত্তিশগড়ে ‘মাতৃ বন্দনা যোজনা’-র আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। এই যোজনার আওতায় যোগ্য বিবাহিতা মহিলাকে মাসিক এক হাজার টাকা করে আর্থিক সাহায্য করা হবে।

82. (a) সম্প্রতি Easy Trip Planner Ltd. লাখপতি দিদি যোজনার আওতায় স্ব-সহায়ক দলকে সাহায্য করার জন্য DAY-NRLM-এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

83. (b) সম্প্রতি পানামা, ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্সের ৯৭তম সদস্য দেশ হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে।

84. (c) সম্প্রতি ইন্দাসইন্দ ব্যাঙ্ক ভারতের প্রথম Contactless Payment Wearable পরিষেবা চালু করেছে, যার নাম দেওয়া হয়েছে ‘Indus PayWear’।

85. (d) সম্প্রতি ব্যাঙ্ক অফ বরোদা ‘গ্রিন টার্ম ডিপোজিট স্কিম’ চালু করেছে। সাধারণ জনগণ, ভারতীয় নাগরিক বা অনাবাসী ভারতীয় গ্রাহকরা এই স্কিমের সুবিধা নিতে পারবেন।

86. (a) সম্প্রতি পাকিস্তানের প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন আসিফ আলি জারদারি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আরিফ আলভি’-র স্থলাভিষিক্ত হলেন।

87. (b) সম্প্রতি নায়েব সিং সাইনি হরিয়ানার মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মনোহরলাল খট্টরের স্থলাভিষিক্ত হলেন।

88. (d) সম্প্রতি প্যারা অলিম্পিক কমিটি অফ ইন্ডিয়ার প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন দেবেন্দ্র ঝাঝারিয়া। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী দীপা মালিকের স্থলাভিষিক্ত হলেন।

89. (d) সম্প্রতি নর্থ-ইস্ট স্মল ফিন্যান্স ব্যাঙ্ক GIPL (Garage Preneurs Internet Private Ltd.)-এর সঙ্গে সংযুক্ত হওয়ার জন্য কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়ার চূড়ান্ত ছাড়পত্র লাভ করেছে।

90. (a) সম্প্রতি প্রকাশিত ‘Israel War Diary’ নামক গ্রন্থের রচয়িতা হলেন বিশাল পাণ্ডে। নতুন দিল্লিতে আয়োজিত এক অনুষ্ঠানে বইটির আনুষ্ঠানিক প্রকাশ করেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর।

91. (c) সম্প্রতি গ্রামীণ এলাকায় ঋণদানের পদ্ধতিকে শক্তিশালী করতে ‘Vikas Spoorty’ নামে নতুন স্কিম চালু করেছে কর্ণাটক বিকাশ গ্রামীণ ব্যাঙ্ক। এই স্কিমের আওতায় যে কোন গ্রাহক ৫০ হাজার থেকে ২ লক্ষ টাকা অবধি ঋণ পেতে পারেন।

92. (c) সম্প্রতি ২০২৪ সালের ‘মিস ওয়ার্ল্ড’ শিরোপা জয়লাভ করেছেন চেক প্রজাতন্ত্রের ক্রিস্টিনা পিৎজকোভা।

93. (d) সম্প্রতি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক আহমেদাবাদ পেরি-আরবান লিভেবিলিটি ইমপ্রুভমেন্ট প্রোজেক্টের জন্য ১৮১ মিলিয়ন মার্কিন ডলার অর্থ প্রদানের জন্য কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। এই প্রোজেক্টের মোট খরচের পরিমাণ ৩১৬.৯ মিলিয়ন মার্কিন ডলার ধরা হয়েছে।

94. (d) সম্প্রতি বিশিষ্ট লেখিকা রাখি কাপুর তাঁর লেখা ‘Breaking Free Embracing Me : Healing from Childhood Abused and Toxic Conditioning’ নামক গ্রন্থের জন্য ২০২৪ সালের ‘গোল্ডেন বুক অ্যাওয়ার্ড’-এ ভূষিত হলেন।

95. (d) ১৯৮৮ সালের ব্যাচের যথাক্রমে কেরল ও উত্তরাখণ্ড ক্যাডারের আইএএস অফিসার জ্ঞানেশ কুমার এবং সুখবীর সিং সাঁধু সম্প্রতি ভারতীয় নির্বাচন কমিশনার হিসাবে নিযুক্ত হলেন।

96. (c) সম্প্রতি মুম্বাই ক্রিকেট দল ২০২৩-২৪ মরশুমের রনজি ট্রফিতে বিদর্ভকে পরাজিত করে ৪২ বারের জন্য চ্যাম্পিয়ন হয়েছে।

97. (c) সম্প্রতি রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু দল ২০২৪ সালের মহিলাদের প্রিমিয়ার লিগ ক্রিকেট টুর্নামেন্টে দিল্লি ক্যাপিটালকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

98. (c) সম্প্রতি কিশোর মাকওয়ানা ‘ন্যাশনাল কমিশন ফর সিডিউল কাস্টে’-র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন।

99. (c) ভারতের বিশিষ্ট প্যারা তিরন্দাজি এবং ২০২৩ সালে অর্জুন পুরস্কার বিজয়ী ক্রীড়াবিদ শীতল দেবীকে ভারতীয় নির্বাচন কমিশন প্রতিবন্ধীদের বিভাগে জাতীয় আইকন হিসাবে নিযুক্ত করেছেন।

100. (a) ১৮ মার্চ সারা বিশ্বজুড়ে ‘গ্লোবাল রিসাইক্লিং ডে’ পালিত হল। যার এবছরের থিম হল— ‘RecyclingHeroes’.

★★★